তখন মাখলুকের সাথে থাকেন কিভাবে? কেননা আল্লাহ তাআলা সম্পর্কে ভুল ধারণার কারণেই এই প্রশ্নের সৃষ্টি হয়েছে। ভুল ধারণাটি হচ্ছে, আল্লাহ সুবহানাহু ওয়া তাআলাকে মাখলুকের সাথে কিয়াস করা। এই কিয়াস বাতিল। কেননা আল্লাহ সুবহানাহু ওয়া তাআলার কোন সদৃশ নেই।অতএব একই সাথে উপরে ও নিকটে থাকা আল্লাহ তাআলার সুমহান সিফাতের মধ্যে মিলিত হতে পারে। কেননা তিনি সর্বাধিক মহান, সবেচেয়ে বড়, মহামহিম এবং তিনি সমস্ত সৃষ্টিকে পরিবেষ্টন করে আছেন। একজন বান্দার হাতে একটি সরিষার দানা যেমন, বিশাল বিশাল সাতটি আসমান আল্লাহ তাআলার হাতের মধ্যে ঠিক ঐ পরিমাণ স্থহান দখল করে। সুতরাং যার বড়ত্বের কিছু দিক এ রকমই, তিনি কত বড়!! যিনি এত বড়, তাঁর জন্য আরশের উপরে থাকা এবং যখন ইচ্ছা আরশের উপরে থেকেই মাখলুকের নিকবর্তী হওয়া কিভাবে অসম্ভব হতে পারে? আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা علي في دنوه قريب في علوه "নিকটে থেকেও উপরে এবং উপরে থেকেও নিকটে"। কুরআন ও সুন্নাহর দলীলগুলো এ কথারই প্রমাণ করে। এই কথার উপর মুসলিম মিল্লাতের আলেমগণের ইজমা সংঘটিত হয়েছে।[2] আল্লাহ সুবহানাহু ওয়া তাআলার অন্যতম সুমহান সিফাত হচ্ছে عَلِيٌّ في دنوه "তিনি মাখলুকের নিকটে থাকা অবস্থায়ও উপরে থাকেন" এবং قريب في علوه "আরশের উপরে থাকা অবস্থায়ও মাখলুকের নিকটে থাকেন"।[3]

ফুটনোট

[1] - দেখুন তাফসীরে ইবনে জারীর আত্ তাবারী, ইবনে আবী হাতিম এবং অন্যান্য।

[2] - তাদের এই কথার কোন বিরোধী না থাকাই ইজমা সংঘটিত হওয়ার প্রমাণ। কেউ যদি বিরোধীতা করতো, তাহলে অবশ্যই আমরা তা জানতাম। আমরা যেহেতু কোন বিরোধী পাইনি, তাই বুঝা গেল এই কথা সকলেই একবাক্যে মেনে নিয়েছেন এবং তাতে আলেমদের ইজমা হয়েছে।

[3] - যদিও আল্লাহর জন্য রয়েছে সর্বোচ্চ ও সর্বোত্তম দৃষ্টান্ত, তারপরও বলা যায় যে, বর্তমানে যোগাযোগের ক্ষেত্রে এমন এমন অত্যাধুনিক যন্ত্র আবিষ্কার হয়েছে, যা আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা উপরে থাকা এবং মাখলুকের সাথে ও নিকটে থাকার বিষয়টি বুঝতে সাহায্য করে। আমরা প্রচারমাধ্যম কিংবা টেলিফোনের মাধ্যমে বহু দূরে অবস্থানকারী কারো কথা শুনতে পাই, স্যাটেলাইটের মাধ্যমে তাকে একদম কাছে ও সামনে দেখতে পাই এবং তার শরীরের অঙ্গ-প্রত্যঙ্গ নড়াচড়া করতেও দেখি। মহান আল্লাহর কোন সৃষ্টি যদি বহু দূরে থেকেও অন্যের একদম কাছে ও সামনে ভাসতে পারে, তাহলে যেই মহান আল্লাহ সবকিছুর একমাত্র স্রষ্টা, তার ব্যাপারে কিভাবে এই ধারণা করা যেতে পারে যে, মাখলুকের বহু উপরে থেকে তাদের নিকটবর্তী হওয়া অসম্ভব? সাধারণ একটি সৃষ্টি হয়েও মানুষের পক্ষে যদি এতকিছু করা সম্ভব, দূরের বস্তুকে কাছে দেখা সম্ভব, তাহলে যেই মহান স্রষ্টার জন্য কোন কিছুই অসম্ভব নয়, তার জন্য দূরে থেকেও কাছে থাকা এবং নিকটে থেকেও উপরে থাকা মোটেই অসম্ভব নয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8524

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন